

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 (২) পরিদর্শন বহিতে লিপিবদ্ধকৃত মতামতের কপি।

বিষয়: ITN-BUET হতে আগত Participants দের প্ল্যান্ট পরিদর্শন উপলক্ষে আপ্যায়ন খরচ অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং- ১ ও ২ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে। শোধনাগার হতে বর্তমানে দৈনিক গড়ে ৫০০এমএলডি পয়ঃশোধন করা হয়। দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহত্তম ও অত্যাধুনিক প্রযুক্তি সম্বলিত পয়ঃশোধনাগার। পয়ঃশোধনাগারটিতে Sludge Management এর জন্য ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) রয়েছে। আলোচ্য পয়ঃশোধনাগারের Operation & Maintenance কার্যক্রম প্রায় সময়ই ঢাকা ওয়াসার বিভিন্ন কর্মকর্তা, ইলেকট্রনিক ও প্রিন্টিং মিডিয়ার লোকজন, বিভিন্ন সরকারী দপ্তর ও দেশি-বিদেশী প্রতিষ্ঠান হতে সম্মানিত ব্যক্তিবর্গ পরিদর্শনে আসেন। তৎপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১২/০৫/২০২৫ইং তারিখে ITN-BUET হতে আলোচ্য পয়ঃশোধনাগারের Operation & Maintenance কার্যক্রম পরিদর্শনে ১২(বারো) সদস্যের একটি টিম আসে (ক্রমিক নং-২ দ্রঃ)। উক্ত পরিদর্শন টিমের সদস্যদের জন্য নিয়ম অনুযায়ী আপ্যায়নের ব্যবস্থা করা হয়।

০২। এমতাবস্থায়, আলোচ্য পয়ঃশোধনাগারের Operation & Maintenance কার্যক্রম পরিদর্শনে বর্ণিত সংস্থা হতে আগত ১২জন সদস্যসহ মোট ৩০ জনের আপ্যায়ন বাবদ সর্বমোট ২৩,১০০.০০ (তেইশ হাজার একশত) টাকা খরচ হয়। কাজটি অতিব জরুরী বিধায় পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারা মোতাবেক ঘটনাত্তোর (পোস্ট ফেক্টর) অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৭২ হতে নির্বাহ করা যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য, আলোচ্য প্রস্তাব অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

28.05.2025

মনমোহন রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।